

লালমাটিয়া মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭


বিজ্ঞপ্তি

তারিখ : ২৮/০১/২০২০ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের জানানো যাচ্ছে যে, কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২০ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান আগামী ০৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি: তারিখ মঙ্গলবার বেলা ২.০০ ঘটিকায় কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মাননীয় উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও কলেজ পরিচালনা পরিষদের মাননীয় সভাপতি, প্রাক্তন প্রতিমন্ত্রী, অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আলহাজ্ব মোঃ সাদেক খান, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১৩ ও প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন লালমাটিয়া মহিলা কলেজ পরিচালনা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অধ্যক্ষ প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২০ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিত থাকতে নির্দেশনা প্রদান করা হলো।

  
অধ্যক্ষ ২৮/০১/২০২০

লালমাটিয়া মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।